রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ৩০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**বন শাখা-২**

**পরিপত্র**

তারিখ: ১৩ ফাল্গুন, ১৪৩১/ ২৭ ফেব্রুয়ারি, ২০২৫

**বিষয়: "বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার নীতিমালা, ২০২৫" অনুমোদন।**

নং **২২.০০.০০০০.০৬৭.২৩.০০২.২৪.৯৭**—বাংলাদেশের মহান সংবিধানের ১৮ক অনুচ্ছেদে জীববৈচিত্র তথা বন্যপ্রাণী রক্ষার অঙ্গীকার রহিয়াছে। জীববৈচিত্র সংরক্ষণে বাংলাদেশ জাতিসংঘের জীববৈচিত্র সনদসহ দেশিয় ও আন্তর্জাতিক নীতি/প্রোটোকল/কনভেনশনে স্বাক্ষরকারী দেশ। জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলা, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা, পরিবেশ ও প্রতিবেশের টেকসই উন্নয়ন এবং সংরক্ষণের লক্ষ্যে জীববৈচিত্র তথা বন্যপ্রাণী সংরক্ষণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। কাজেই বন্যপ্রাণী সংরক্ষণে অধিকতর গুরুত্ব প্রদান, বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণ কার্যক্রমে নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয়ভাবে উৎসাহিত করা এবং ভবিষ্যত প্রজন্মকে বন্যপ্রাণী সংরক্ষণে উদ্বুদ্ধ করিবার লক্ষ্যে ২০১০ সাল হইতে বন্যপ্রাণী সংরক্ষণে পুরস্কার প্রদান করা হইতেছে। ২০১২ সালে এতদ্‌উদ্দেশ্যে একটি নীতিমালা প্রণয়ন করা হয়। বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২-এর ধারা ৫২ (২) এর (ঙ) তে-এ বিষয়ে বিধি প্রণয়নের উল্লেখ রহিয়াছে। বর্তমানে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণমূলক কার্যক্রমের পরিসর বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান নীতিমালাটি যুগোপযোগী করা আবশ্যক।

বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ডের ৩৪, ৩৭ ও ৩৮তম সভায় পুরস্কার প্রদান প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, মানসম্মত ও বস্তুনিষ্ঠ করিবার লক্ষ্যে বিদ্যমান নীতিমালা সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সেইজন্য বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণ ও গবেষণা কার্যক্রমে নিবেদিত ব্যক্তি/প্রতিষ্ঠান-কে পুরস্কার প্রদানের লক্ষ্যে সমসাময়িক প্রাসঙ্গিক বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া পুরস্কারের নীতিমালাটি যুগোপযোগী করিয়া সংশোধন করা হইল।



মূল্য : ২০.০০

(ক) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক বন্যপ্রাণী সংরক্ষণে পুরস্কার প্রদান সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত সকল পরিপত্র বাতিল করা হইল।

(খ) সংশ্লিষ্ট সকলকে বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার নীতিমালা, ২০২৫ অনুসরণ করিতে হইবে।

(গ) বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার নীতিমালা, ২০২৫ এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হইল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**ড. ফারহিনা আহমেদ**
সচিব।

# বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার নীতিমালা, ২০২৫

## প্রারম্ভিক

বাংলাদেশের মহান সংবিধানের ১৮ক অনুচ্ছেদে জীববৈচিত্র তথা বন্যপ্রাণী রক্ষার অঙ্গীকার রহিয়াছে। জীববৈচিত্র সংরক্ষণে বাংলাদেশ জাতিসংঘের জীববৈচিত্র সনদসহ দেশিয় ও আন্তর্জাতিক নীতি/প্রোটোকল/কনভেনশনে স্বাক্ষরকারী দেশ। জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলা, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা, পরিবেশ ও প্রতিবেশের টেকসই উন্নয়ন এবং সংরক্ষণের লক্ষ্যে জীববৈচিত্র তথা বন্যপ্রাণী সংরক্ষণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। কাজেই বন্যপ্রাণী সংরক্ষণে অধিকতর গুরুত্ব প্রদান, বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণ কার্যক্রমে নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয়ভাবে উৎসাহিত করা এবং ভবিষ্যত প্রজন্মকে বন্যপ্রাণী সংরক্ষণে উদ্বুদ্ধ করিবার লক্ষ্যে ২০১০ সাল হইতে বন্যপ্রাণী সংরক্ষণে পুরস্কার প্রদান করা হইতেছে। ২০১২ সালে এতদ্‌উদ্দেশ্যে একটি নীতিমালা প্রণয়ন করা হয়। বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২-এর ধারা ৫২ (২) এর (ঙ) তে-এ বিষয়ে বিধি প্রণয়নের উল্লেখ রহিয়াছে। বর্তমানে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণমূলক কার্যক্রমের পরিসর বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান নীতিমালাটি যুগোপযোগী করা আবশ্যক।

১। **শিরোনাম**।—(১) এই নীতিমালা “বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার নীতিমালা, ২০২৫” নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **উদ্দেশ্য**।—বন্যপ্রাণী সংরক্ষণ, এতদসংক্রান্ত গবেষণা, শিক্ষা এবং গণসচেতনতা সৃষ্টিতে বিভিন্ন শ্রেণি-পেশার ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রচেষ্টা এবং কার্যক্রমকে জাতীয়ভাবে উৎসাহ ও স্বীকৃতি প্রদান করা।

৩। **পুরস্কার প্রদানের ক্যাটাগরি**।—এই নীতিমালার অধীন নিম্নরূপ ৫ (পাঁচ)টি ক্যাটাগরি অনুযায়ী ৫ (পাঁচ)টি পুরস্কার প্রদান করা হইবে:—

| ক্যাটাগরি | ক্যাটাগরির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| ক্যাটাগরি ‘ক’ | বন্যপ্রাণী সংরক্ষণ (ব্যক্তি পর্যায়) | ● বন্যপ্রাণী সংরক্ষণ এবং তাহাদের আবাসস্থল সংরক্ষণে গৃহীত বিশেষ উদ্যোগ/কার্যক্রম;<br>● বিপন্ন বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ এবং অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা বা Other Effective Area-based Conservation Measures (OECM) সহ অন্যান্য বিশেষ উদ্যোগ;<br>● বন্যপ্রাণী উদ্ধারসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে গৃহীত বিশেষ উদ্যোগ;<br>● বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ক জনসচেতনতা সৃষ্টিতে অবদান; |

| ক্যাটাগরি | ক্যাটাগরির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| | | ● আহত, আটক, শিকারকৃত ও পাচারকালে ধৃত বন্যপ্রাণী উদ্ধারে বিশেষ ভূমিকা পালন ও বন্যপ্রাণীর পরিচর্যা;<br>● বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণে সরকারি (বন অধিদপ্তর ব্যতীত), আধা-সরকারি, বেসরকারি, স্বায়ত্বশাসিত, সামরিক, ইত্যাদি ক্ষেত্রের কর্মকর্তা/কর্মচারী কর্তৃক গৃহীত উদ্যোগ/ কার্যক্রম; তবে কোনো প্রজাতন্ত্রের কর্মচারী প্রাতিষ্ঠানিক উদ্যোগের জন্য ব্যক্তিগতভাবে পুরস্কার দাবি করিতে পারিবেন না;<br>● প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>● এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/সম্মাননা। |
| ক্যাটাগরি 'খ' | বন্যপ্রাণী সংরক্ষণ (প্রতিষ্ঠান/সংগঠন পর্যায়) | ● বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত বিষয়ে উদ্যোগ এবং/ অথবা অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা বা Other Effective Area-based Conservation Measures (OECM) সংক্রান্ত গৃহীত কার্যক্রম;<br>● বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধসমূহ যেমন-বিভিন্ন বন্যপ্রাণী হত্যা ও বন্যপ্রাণীর দেহের বিভিন্ন অংশের পাচার, বন্যপ্রাণী আটক ইত্যাদি ক্ষেত্রে উদ্ধার ও প্রতিরোধে বন অধিদপ্তর এবং সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থাকে তথ্য প্রদানে বিশেষ অবদান;<br>● দলগত বা প্রাতিষ্ঠানিকভাবে গৃহীত উদ্যোগের মাধ্যমে পাখি কলোনী এবং/অথবা বন্যপ্রাণীর বিশেষ আবাসস্থল সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন সাধন;<br>● মানুষ ও বন্যপ্রাণীর মধ্যকার দ্বন্দ্ব নিরসনে গৃহীত কার্যক্রম; |
| | | ● জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পুস্তিকা বা লিফলেট প্রকাশ ও বিতরণ, বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ইত্যাদি;<br>● গণমাধ্যমে এ সংক্রান্ত প্রচারিত তথ্যাদি (প্রতিবেদন/রিপোর্ট);<br>● এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/সম্মাননা। |
| ক্যাটাগরি 'গ' | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (ব্যক্তি পর্যায়) | ● বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণায় উল্লেখযোগ্য অবদান;<br>● গবেষণার মাধ্যমে বন্যপ্রাণী সংরক্ষণে বিশেষ কৌশল ও প্রায়োগিক জ্ঞানের উদ্ভাবন এবং এই ক্ষেত্রে মাঠ পর্যায়ে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম; |

| ক্যাটাগরি | ক্যাটাগরির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| | | ● বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীর প্রজাতি সংরক্ষণে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন;<br>● ব্যক্তির অধীনে সম্পন্নকৃত গবেষণা নিবন্ধের সংখ্যা (এমএসসি, এম.ফিল ও পিএইচডি) সহ স্বীকৃত জার্নালে প্রকাশিত বাস্তবধর্মী গবেষণা নিবন্ধ;<br>● প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>● এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/সম্মাননা। |
| ক্যাটাগরি 'ঘ' | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (প্রতিষ্ঠান পর্যায়) | ● বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণায় উল্লেখযোগ্য অবদান;<br>● গবেষণার মাধ্যমে বন্যপ্রাণী সংরক্ষণে বিশেষ কৌশল ও প্রায়োগিক জ্ঞানের উদ্ভাবন এবং এই ক্ষেত্রে মাঠ পর্যায়ে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম;<br>● বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীর প্রজাতি এবং/অথবা আবাসস্থল সংরক্ষণে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন;<br>● বন্যপ্রাণী বিষয়ক ওয়ার্কশপ/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন;<br>● প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>● এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/সম্মাননা। |
| ক্যাটাগরি 'ঙ' | বন্যপ্রাণী সংরক্ষণ (বন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী/ইউনিট/বিভাগ পর্যায়) | ● বন্যপ্রাণী সংরক্ষণ এবং তাহাদের আবাসস্থল সংরক্ষণে গৃহীত বিশেষ উদ্যোগ/কার্যক্রম;<br>● বিপন্ন বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ এবং অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা বা Other Effective Area-based Conservation Measures (OECM) সহ অন্যান্য বিশেষ উদ্যোগ;<br>● বন্যপ্রাণী উদ্ধারসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে গৃহীত বিশেষ এবং/অথবা সাহসী উদ্যোগ;<br>● বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ক জনসচেতনতা সৃষ্টিতে অবদান;<br>● আহত, আটক, শিকারকৃত ও পাচারকালে ধৃত বন্যপ্রাণী উদ্ধারে বিশেষ ভূমিকা পালন ও বন্যপ্রাণী পরিচর্যা;<br>● প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>● এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/সম্মাননা। |

৪। **পুরস্কারের সংখ্যা ও অর্থমূল্য।**—(১) প্রতিটি ক্যাটাগরিতে ০১ (এক)টি করিয়া মোট ০৫ (পাঁচ)টি পুরস্কার প্রদান করা হইবে।

(২) প্রতিটি ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান/সংগঠন/ইউনিট/বিভাগকে ২২ ক্যারেটের ২ ভরি (২৩.৩২ গ্রাম) ওজনের স্বর্ণপদক ও ১,০০,০০০ (এক) লক্ষ টাকার অ্যাকাউন্ট-পেয়ী চেক এবং সনদপত্র প্রদান করা হইবে।

৫। **পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়।**—(১) পুরস্কারের অর্থমূল্য এবং পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য বন অধিদপ্তরের বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকিবে।

(২) সার্চ কমিটি ও বাছাই কমিটির সদস্যবৃন্দ অর্থ বিভাগের অনুমোদনক্রমে নির্ধারিত সম্মানী প্রাপ্ত হইবেন।

(৩) সার্চ কমিটি কর্তৃক আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাবনা সম্পর্কিত সার্চ বা অনুসন্ধান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনে ভিডিও বা ডকুমেন্টেশন তৈরি করিবার আর্থিক ব্যয় বন অধিদপ্তরের এ সংক্রান্ত বাজেট বরাদ্দ থেকে নির্বাহ করা হইবে।

৬। **বাস্তবায়ন সময়সূচি।**—

(ক) পুরস্কার প্রধান প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি:

| | | |
|---|---|---|
| আবেদন আহ্বান | - | ডিসেম্বর |
| আবেদন দাখিলের শেষ তারিখ | - | ৩১ জানুয়ারি |
| সার্চ কমিটি কর্তৃক আবেদন যাচাই এবং মতামত বাছাই কমিটির নিকট প্রেরণের সর্বশেষ তারিখ | - | ২৮ ফেব্রুয়ারি |
| বাছাই কমিটি কর্তৃক আবেদন মূল্যায়ন, মনোনয়ন প্রদান ও মন্ত্রণালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ | - | ৩১ মার্চ |
| মন্ত্রণালয় কর্তৃক বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ডের উপস্থাপন ও মনোনয়ন চূড়ান্তকরণের সর্বশেষ তারিখ | - | ৩০ এপ্রিল |
| পুরস্কার প্রাপ্তদের নাম গেজেটে প্রকাশের সর্বশেষ তারিখ | - | ২০ মে |

(খ) দৈব দুর্বিপাকে বা অন্য কোনো নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কোনো বছরে পুরস্কার প্রদান প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে পরিবর্তন করা যাইবে।

(গ) অনুচ্ছেদ ৬(ক)-তে উল্লিখিত সময়সূচি অনুযায়ী এই নীতিমালার অধীন পুরস্কার প্রদানের নিমিত্ত প্রধান ওয়ার্ডেন (প্রধান বন সংরক্ষক), বন অধিদপ্তর এর পক্ষে অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন (বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা প্রতি বৎসর কমপক্ষে ০৩ (তিন)টি বহুল প্রচারিত ও জাতীয় দৈনিক পত্রিকা এবং বন অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করিবার মাধ্যমে আবেদন আহবান করিবেন। এছাড়া বন অধিদপ্তরের সকল ইউনিট ও সকল জেলা প্রশাসকের দপ্তরে বিজ্ঞপ্তির কপি প্রেরণ করিবেন।

(ঘ) আবেদন আহবানের পর ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগকে অত্র নীতিমালায় সংযুক্ত নমুনা ফরম-ক অনুযায়ী ০২ (দুই) কপি আবেদন বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব জমাদানের সর্বশেষ তারিখের মধ্যে অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন (বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবর দাখিল করিতে হইবে।

৭। **সার্চ কমিটি**।—

| | |
|---|---|
| ১। উপপ্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং, বন অধিদপ্তর | আহবায়ক |
| ২। সিনিয়র সহকারী সচিব/উপসচিব (বন-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৪। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন অধিদপ্তর | সদস্য |
| ৬। চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (বন্যপ্রাণী বিষয়ে অভিজ্ঞ) | সদস্য |
| ৭। চেয়ারম্যান প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (বন্যপ্রাণী বিষয়ে অভিজ্ঞ) | সদস্য |
| ৮। চেয়ারম্যান প্রাণিবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (বন্যপ্রাণী বিষয়ে অভিজ্ঞ) | সদস্য |
| ৯। চেয়ারম্যান প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (বন্যপ্রাণী বিষয়ে অভিজ্ঞ) | সদস্য |
| ১০। সভাপতি, Bangladesh Biodiversity Conservation Federation, বগুড়া | সদস্য |
| ১১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন অধিদপ্তর | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

(ক) নীতিমালায় উল্লিখিত ক্যাটাগরি অনুযায়ী বিবেচ্য বিষয়ের আলোকে প্রাপ্ত আবেদনপত্র যাচাইপূর্বক পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে উপযুক্ততা বা সম্পৃক্ততা নির্ধারণ করিবে/করিতে পারিবে।

(খ) প্রতিটি ক্যাটাগরিতে সর্বনিম্ন ৩ (তিন) জন প্রার্থীর (উপযুক্ত) নাম পাওয়া না গেলে কমিটি সার্চ করিয়া অধিকাংশ সদস্যের সম্মতিক্রমে সম্ভাব্য বা উপযুক্ত প্রার্থীর নাম প্রস্তাব করিতে পারিবে। তবে এক্ষেত্রে কমিটিকে অত্র নীতিমালায় সংযুক্ত ফরম-ক অনুসারে উপযুক্ত প্রার্থীর তথ্যাদি সংগ্রহ এবং প্রদান করিবে।

(গ) ক্যাটাগরিভিত্তিক বিবেচ্য বিষয়ের আলোকে প্রাপ্ত আবেদন যথার্থ বিবেচিত না হইলে প্রযোজ্য ক্ষেত্রে উক্ত আবেদন উপযুক্ত ক্যাটাগরিতে স্থানান্তর করিতে পারিবে।

(ঘ) কোনো ক্যাটাগরিতে কোনো বৎসর সম্ভাব্য বা উপযুক্ত প্রার্থীর সংখ্যা ৩ (তিন) এর কম হইলে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য কমিটি সুপারিশ করিতে পারিবে।

(ঙ) আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব জমাদানের সর্বশেষ তারিখ অতিক্রান্ত হইবার পরবর্তী ২৮ (আটাশ) দিনের মধ্যে অর্থাৎ অনুচ্ছেদ ৬(ক)-তে উল্লিখিত সময়সূচি অনুসরণপূর্বক কমিটির সভা আহবান ও সভার কার্যবিবরণী বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে।

৮। **বাছাই কমিটি।**—

| | |
|---|---|
| ১। প্রধান ওয়ার্ডেন বা প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | আহ্বায়ক |
| ২। যুগ্মসচিব (বন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৩। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি | সদস্য |
| ৪। উপপ্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং, বন অধিদপ্তর | সদস্য |
| ৫। পরিচালক, ওয়াইল্ডলাইফ সেন্টার, গাজীপুর | সদস্য |
| ৬। চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (বন্যপ্রাণী বিষয়ে অভিজ্ঞ) | সদস্য |
| ৭। চেয়ারম্যান প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (বন্যপ্রাণী বিষয়ে অভিজ্ঞ) | সদস্য |
| ৮। কান্ট্রি রিপ্রেজেনটেটিভ, International Union for Conservation of Nature (IUCN) বাংলাদেশ | সদস্য |
| ৯। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন অধিদপ্তর | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

(ক) প্রাপ্ত সকল আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব এবং/অথবা সার্চ কমিটি হইতে প্রাপ্ত নতুন মনোনয়ন প্রস্তাবগুলো মূল্যায়ন করিয়া একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করিবে।

(খ) ৫ (পাঁচ)টি ক্যাটাগরির প্রতিটির জন্য প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ তিনটি আবেদন চূড়ান্ত করিয়া বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ডের সভায় উপস্থাপনের লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

(গ) বাছাইয়ের ক্ষেত্রে উক্ত কমিটি প্রয়োজনে নিজেরা অথবা উপযুক্ত কর্মকর্তার মাধ্যমে মাঠ পর্যায়ে অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করিতে পারিবে।

৯। **বাছাই কমিটি কর্তৃক আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব মূল্যায়ন ও স্কোর নির্ধারণ।**—এই নীতিমালার ফরম-খ, ফরম-গ, ফরম-ঘ, ফরম-ঙ এবং ফরম-চ তে উল্লিখিত মূল্যায়ন ছক অনুযায়ী আবেদনকারীর আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব বাছাই কমিটি কর্তৃক মূল্যায়ন করিতে হইবে। প্রতিটি ক্যাটাগরির আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব সর্বমোট ১০০ (একশত) নম্বরের মধ্যে মূল্যায়ন করিতে হইবে।

১০। **চূড়ান্ত মনোনয়ন।**—বাছাই কমিটি কর্তৃক প্রেরিত মূল্যায়ন ছকের প্রেক্ষিতে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সালের ৩০নং আইন) এর ধারা ৩ এর ক্ষমতাবলে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গঠিত বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ড পুরস্কার পাওয়ার যোগ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে চূড়ান্ত মনোনয়ন প্রদান করিবে।

১১। **অন্যান্য সাধারণ বিধানাবলি।**—(১) এই নীতিমালার অধীন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগ বন্যপ্রাণী সংরক্ষণে অবদানের স্বীকৃতিস্বরূপ কোনো ক্যাটাগরিতে একবার পুরস্কারপ্রাপ্ত হইলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগ পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে উক্ত ক্যাটাগরিতে পুরস্কার প্রাপ্তির জন্য পুনরায় আবেদন করিতে পারিবেন না। তবে ভিন্ন ক্যাটাগরিতে আবেদন করা হইলে তাহা বিবেচ্য হইবে।

(২) এই নীতিমালার অধীন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগ পুরস্কার পাইবার যোগ্য হিসেবে চূড়ান্তরূপে মনোনীত হইলে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগ ক্ষেত্রে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি পুরস্কার গ্রহণ করিতে পারিবে। তবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত হইয়া পুরস্কার গ্রহণ করিতে না পারিলে পরবর্তীতে যে কোনো সময় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হইতে সংগ্রহ করা যাইবে।

(৩) কোনো বৎসরে এক বা একাধিক ক্যাটাগরিতে মানসম্পন্ন কোনো আবেদন/মনোনয়ন প্রস্তাব পাওয়া না গেলে উক্ত বৎসরে উক্ত ক্যাটাগরি বা সকল ক্যাটাগরির ক্ষেত্রে পুরস্কার প্রদান করা হইবে না।

(৪) আবেদন/মনোনয়ন প্রস্তাবপত্রের তথ্য অসম্পূর্ণ, অসত্য ও অস্পষ্ট প্রমাণিত হইলে এবং নমুনা অনুযায়ী যথাযথ প্রমাণপত্র না থাকিলে আবেদন/মনোনয়ন প্রস্তাবনা বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) পরিবেশ দূষণ ও অবক্ষয়, প্রতিবেশের জন্য ক্ষতিকর এবং বনের জমি দখল ইত্যাদির সাথে সম্পৃক্ত ব্যক্তি পুরস্কারের অযোগ্য বিবেচ্য হইবেন।

(৬) এই পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে শুধুমাত্র বাংলাদেশের নাগরিক বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগ এবং বাংলাদেশের অভ্যন্তরে বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত কার্যক্রমসমূহ বিবেচ্য হইবে।

(৭) পুরস্কার প্রদান সংক্রান্ত বিষয়ে বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১২। বিবিধ।—(১)** এই নীতিমালা পরিবর্তন, পরিমার্জন অথবা সংশোধনের যে কোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার সরকার সংরক্ষণ করিবে এবং এরূপ সিদ্ধান্ত সরকারি গেজেটে প্রজ্ঞাপন আকারে জারি করিতে পারিবে।

(২) এই নীতিমালার কোনো বিষয় অস্পষ্ট থাকিলে তাহা সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে স্পষ্টীকরণ করিতে পারিবে।

(৩) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত Bangabandhu Award for Wildlife Conservation নীতিমালা-২০১২, এতদ্দ্বারা রহিত করা হইল। উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত নীতিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই নীতিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(খ) কৃত বা গৃহীত কোনো কার্য বা কার্যধারা চলমান থাকিলে, উহা যতদূর সম্ভব, এই নীতিমালার বিধান অনুসরণপূর্বক নিষ্পত্তি করিতে হইবে।

ফরম-ক

[নমুনা ফরম]

[অনুচ্ছেদ ৬(ঘ) দ্রষ্টব্য]

| পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০২ কপি) |
|---|

আবেদনের ক্যাটাগরি....................(ক/খ/গ/ঘ/ঙ)

১। আবেদনকারীর তথ্যঃ

| ব্যক্তির ক্ষেত্রেঃ | | প্রতিষ্ঠান /সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের ক্ষেত্রে : | |
|---|---|---|---|
| আবেদনকারীর নাম (বাংলায়) | : | আবেদনকারী প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/ বিভাগের নাম (বাংলায়) | : |
| (ইংরেজীতে) | : | (ইংরেজীতে) | : |
| পিতা/স্বামীর নাম (বাংলায়) | : | প্রতিষ্ঠাতা/সভাপতি/প্রতিষ্ঠান বা সংগঠন প্রধান/ বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের পরিচালক/বিভাগীয় বন কর্মকর্তার নাম (বাংলায়) | : |
| (ইংরেজীতে) | : | (ইংরেজীতে) | : |
| মাতার নাম (বাংলায়) | : | প্রতিষ্ঠাতা/সভাপতি/প্রতিষ্ঠান বা সংগঠন প্রধান/ বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের পরিচালক/বিভাগীয় বন কর্মকর্তার জাতীয় পরিচয়পত্র নম্বর | : |
| (ইংরেজীতে) | : | প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের ঠিকানা | : |
| জন্ম তারিখ | : | | |
| জাতীয় পরিচয়পত্র নম্বর | : | মোবাইল নম্বর | : |
| মোবাইল নম্বর | : | ইমেইল | : |
| ইমেইল | : | রেজিস্ট্রেশন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| পেশা | : | | |
| বর্তমান ঠিকানা | : | | |
| স্থায়ী ঠিকানা | : | | |

২। আবেদনকারী ব্যক্তির ক্ষেত্রে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। প্রতিষ্ঠান/সংগঠনের ক্ষেত্রে, প্রতিষ্ঠাতা/সভাপতি/প্রতিষ্ঠান বা সংগঠন প্রধানের এবং বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের ক্ষেত্রে পরিচালক/বিভাগীয় বন কর্মকর্তার দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৩। ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/ইউনিট/বিভাগকে বন্যপ্রাণী সংরক্ষণে অবদানের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র, কর্মকাণ্ডের স্থিরচিত্র বা ভিডিও, প্রকাশনা, গণমাধ্যমে প্রচারিত/প্রকাশিত প্রতিবেদন, পুরস্কার (সার্টিফিকেটের ফটোকপি) ইত্যাদি বিষয়ে অনূর্ধ্ব ১০০০ (এক হাজার) শব্দের মধ্যে একটি বিবরণী, প্রমাণকসমূহ আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৪। মনোনয়ন প্রস্তাবের ক্ষেত্রে অনধিক ১০০০ (এক হাজার) শব্দের মধ্যে মনোনয়নের স্বপক্ষে একটি বিবরণ প্রদান করিতে হইবে।

৫। প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের পক্ষে আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগের অফিসিয়াল প্যাড ও সীলমোহর ব্যবহার করিতে হইবে।

৬। বন্যপ্রাণী সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে ব্যক্তিগত ত্যাগ/ক্ষতি হইয়া থাকলে তাহার একটি সচিত্র ও সংক্ষিপ্ত বিবরণী আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ

**ফরম-খ**
[অনুচ্ছেদ ৯ দ্রষ্টব্য]

## মূল্যায়ন ছক
## ক্যাটাগরি (ক)। বন্যপ্রাণী সংরক্ষণ (ব্যক্তি পর্যায়)

| ক্রঃ নং | ব্যক্তির নাম ও ঠিকানা | কাজের ব্যাপ্তি ও প্রভাব (জাতীয়/ আঞ্চলিক/ স্থানীয়) | অর্থের উৎস (নিজস্ব অর্থায়ন/ অনুদান) | সংরক্ষণ কাজে অংশগ্রহণের ধরণ (পেশাগত/ স্ব-উদ্যোগ/ দুটোই) | বন্যপ্রাণী সংরক্ষণ কাজে নিয়োজিত সময়কাল | প্রকাশনা এবং সংশ্লিষ্ট অন্যান্য পুরস্কার/ সম্মাননা | বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণ এবং/অথবা অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা সংক্রান্ত গৃহীত বিশেষ উদ্যোগ/ কার্যক্রম | বিপন্ন বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ | বন্যপ্রাণী উদ্ধারসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে গৃহীত উদ্যোগ | সম্পাদিত কাজের জন্য ব্যক্তিগত ত্যাগ/ক্ষতি | জনসচেতনতা সৃষ্টিতে অবদান | মোট প্রাপ্ত নম্বর | বাছাই কমিটির সুপারিশ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নম্বর-১০ | নম্বর-০৫ | নম্বর-০৫ | নম্বর-০৫ | নম্বর-১০ | নম্বর-২৫ | নম্বর-১০ | নম্বর-১৫ | নম্বর-০৫ | নম্বর-১০ | পূর্ণমান-১০০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

**ফরম-গ**
**[অনুচ্ছেদ ৯ দ্রষ্টব্য]**

## মূল্যায়ন ছক
## ক্যাটাগরি (খ)। বন্যপ্রাণী সংরক্ষণ (প্রতিষ্ঠান/সংগঠন পর্যায়)

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কাজের ব্যাপ্তি ও প্রভাব (জাতীয়/ আঞ্চলিক/ স্থানীয়) | অর্থের উৎস (নিজস্ব অর্থায়ন/ অনুদান) | কাজে অংশগ্রহণের ধরণ (পেশাগত/ স্ব-উদ্যোগ/ দুটোই) | বন্যপ্রাণী সংরক্ষণ কাজে নিয়োজিত সময়কাল | গণমাধ্যমে এ সংক্রান্ত প্রচারিত তথ্যাদি (প্রতিবেদন/ রিপোর্ট) এবং সংশ্লিষ্ট অন্যান্য পুরস্কার/ সম্মাননা | বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণ এবং/অথবা অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা সংক্রান্ত গৃহীত বিশেষ উদ্যোগ/ কার্যক্রম | গৃহীত উদ্যোগের মাধ্যমে পাখি কলোনী এবং/ অথবা বন্যপ্রাণীর বিশেষ আবাসস্থল সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন সাধন | বন্যপ্রাণী উদ্ধার বা আটকের তথ্য প্রদানসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমনে অবদান | মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে ভূমিকা | জনসচেতনতা সৃষ্টিতে অবদান | মোট প্রাপ্ত নম্বর | বাছাই কমিটির সুপারিশ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নম্বর-১০ | নম্বর-০৫ | নম্বর-০৫ | নম্বর-০৫ | নম্বর-১০ | নম্বর-২০ | নম্বর-১০ | নম্বর-১৫ | নম্বর-১০ | নম্বর-১০ | পূর্ণমান-১০০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

**ফরম-ঘ**

**[অনুচ্ছেদ ৯ দ্রষ্টব্য]**

**মূল্যায়ন ছক**

**ক্যাটাগরি (গ)। বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (ব্যক্তি পর্যায়)**

| ক্রঃ নং | ব্যক্তির নাম ও ঠিকানা | কাজের ব্যাপ্তি ও প্রভাব (জাতীয়/ আঞ্চলিক/ স্থানীয়) | অর্থের উৎস (নিজস্ব অর্থায়ন/ অনুদান) | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা কাজে নিয়োজিত সময়কাল | প্রকাশনা (বন্যপ্রাণী বিষয়ক বই/ গবেষণা নিবন্ধ/ বৈজ্ঞানিক রিপোর্ট) এবং সংশ্লিষ্ট অন্যান্য পুরস্কার/ সম্মাননা | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণায় উল্লেখযোগ্য অবদান, সংরক্ষণে বিশেষ কৌশল ও প্রায়োগিক জ্ঞানের উদ্ভাবন এবং মাঠ পর্যায়ে গৃহীত উল্লেখযোগ্য কাযক্রম | বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন | ব্যক্তির অধীনে সম্পন্নকৃত গবেষণা নিবন্ধের সংখ্যা (এমএসসি, এম.ফিল ও পিএইচডি) | মোট প্রাপ্ত নম্বর | বাছাই কমিটির সুপারিশ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নম্বর-১০ | নম্বর-০৫ | নম্বর-১০ | নম্বর-২০ | নম্বর-২৫ | নম্বর-২৫ | নম্বর-০৫ | পূর্ণমান-১০০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

**ফরম-ঙ**

**[অনুচ্ছেদ ৯ দ্রষ্টব্য]**

## মূল্যায়ন ছক

## ক্যাটাগরি (ঘ)। বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (প্রতিষ্ঠান পর্যায়)

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কাজের ব্যাপ্তি ও প্রভাব (জাতীয়/ আঞ্চলিক/ স্থানীয়) | অর্থের উৎস (নিজস্ব অর্থায়ন/ অনুদান) | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা কাজে নিয়োজিত সময়কাল | প্রকাশনা (বন্যপ্রাণী বিষয়ক বই/ গবেষণা নিবন্ধ/ বৈজ্ঞানিক রিপোর্ট) এবং সংশ্লিষ্ট অন্যান্য পুরস্কার/ সম্মাননা | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণায় উল্লেখযোগ্য অবদান, সংরক্ষণে বিশেষ কৌশল ও প্রায়োগিক জ্ঞানের উদ্ভাবন এবং মাঠ পর্যায়ে গৃহীত উল্লেখযোগ্য কাযক্রম | বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীর প্রজাতি এবং/অথবা আবাসস্থল সংরক্ষণে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন | বন্যপ্রাণী বিষয়ক ওয়ার্কশপ/ সেমিনার/ প্রশিক্ষণ আয়োজন | মোট প্রাপ্ত নম্বর | বাছাই কমিটির সুপারিশ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নম্বর-১০ | নম্বর-০৫ | নম্বর-০৫ | নম্বর-২০ | নম্বর-২৫ | নম্বর-২৫ | নম্বর-১০ | পূর্ণমান-১০০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

**ফরম-চ**
**[অনুচ্ছেদ ৯ দ্রষ্টব্য]**

## মূল্যায়ন ছক
## ক্যাটাগরি (ঙ) বন্যপ্রাণী সংরক্ষণ (বন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী/ইউনিট/বিভাগ পর্যায়)

| ক্রঃ নং | ব্যক্তির নাম ও ঠিকানা | কাজের ব্যাপ্তি ও প্রভাব (জাতীয়/ আঞ্চলিক/ স্থানীয়) | সংরক্ষণ কাজে অংশগ্রহণের ধরন (পেশাগত/ স্ব-উদ্যোগ/ দুটোই) | বন্যপ্রাণী সংরক্ষণ কাজে নিয়োজিত সময়কাল | প্রকাশনা এবং সংশ্লিষ্ট অন্যান্য পুরস্কার/ সম্মাননা | বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণ এবং/অথবা অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা সংক্রান্ত গৃহীত বিশেষ উদ্যোগ/ কার্যক্রম | বিপন্ন বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ | বন্যপ্রাণী উদ্ধারসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে গৃহীত বিশেষ এবং/অথবা সাহসী উদ্যোগ; | সম্পাদিত কাজের জন্য ব্যক্তিগত ত্যাগ/ক্ষতি | জনসচেতনতা সৃষ্টিতে অবদান | মোট প্রাপ্ত নম্বর | বাছাই কমিটির সুপারিশ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নম্বর-১০ | নম্বর-০৫ | নম্বর-০৫ | নম্বর-১০ | নম্বর-২৫ | নম্বর-১০ | নম্বর-১৫ | নম্বর-০৫ | নম্বর-১৫ | পূর্ণমান-১০০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd